

জরুরী  
নৌবাহিনী সদর দপ্তর  
পার্সোনেল শাখা  
টিকিৎসা পরিদপ্তর  
বনানী, ঢাকা-১২১৩  
তারিখ: নৌঃ ২২৩২  
Email: [dms@navy.mil.bd](mailto:dms@navy.mil.bd)

২৮ জ্যৈষ্ঠ ১৪২৮

১১ জুন ২০২১

২৩.০২.২৬২৬.১৪৩.৩৯.১১২২.২১. ১৫৮৬

করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব (২য় ঢেউ) প্রতিরোধে করণীয় প্রসঙ্গে

সূত্র:

ক। নৌ সদর দপ্তর পত্র নং-২৩.০২.২৬২৬.১৪৩.৩৯.১১২২.২১.৮৭২ তারিখ ৩০ মার্চ ২০২১।  
খ। নৌ সদর দপ্তর পত্র নং-২৩.০২.২৬২৬.১৪৩.৩৯.১১২২.২১.১৪৪১ তারিখ ২৯ মে ২০২১।

১। করোনার ভারতীয় ভ্যারিয়েন্টের আমাদের দেশে অনুপ্রবেশের ফলে সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের সীমান্তবর্তী জেলা সমূহে বিশেষ করে রাজশাহী ও খুলনা বিভাগের বিভিন্ন জেলায় তুলনামূলকভাবে করোনা রোগীর আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা আশঙ্কজনক হারে বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি কোভিড-১৯ এ আক্রান্তের হারের বিবেচনায় জাতীয় পর্যায়ে উচ্চ ঝুঁকিপূর্ণ (সংক্রমণের হার ১০% এর উপরে), মধ্যম ঝুঁকিপূর্ণ (সংক্রমণের হার ৫-১০%) ও নিম্ন ঝুঁকিপূর্ণ (সংক্রমণের হার ৫% এর নীচে) এলাকা হিসেবে অঞ্চলভিত্তিক এলাকা ভাগ করা হয়েছে। ফলে নৌ অঞ্চল সমূহে বিভিন্ন জাহাজ/ঘাঁটি ও আবাসিক এলাকায় করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সম্ভাব্য প্রাদুর্ভাব প্রতিরোধে সূত্র পত্রের অনুবৃত্তিক্রমে নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের নিমিত্তে আপনাদের আওতাধীন জাহাজ/ঘাঁটি সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো:

ক। উচ্চ ঝুঁকিপূর্ণ ঘোষিত এলাকা সমূহে করোনা প্রতিরোধে সময়ে সময়ে জারীকৃত স্বাস্থ্যবিধি ও নির্দেশনাবলী কঠোরভাবে পালন নিশ্চিত করতে হবে।

খ। উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় গমন ইচ্ছুক নৌ সদস্যদের বিশেষ জরুরী প্রয়োজন ব্যতীতে ছুটি প্রদান নিরুৎসাহিত করা যেতে পারে।

গ। উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় গমনের উদ্দেশ্যে ছুটি প্রত্যাশীদের স্বল্পকালীন ছুটির পরিবর্তে দীর্ঘ মেয়াদী ছুটিতে প্রেরণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। একইসাথে আসন্ন ঈদে ছুটি গমন ইচ্ছুকদের তালিকা প্রণয়নকরতঃ অপারেশনাল ও প্রশাসনিক কাজের পরিকল্পনা প্রণয়ন করা যেতে পারে।

ঘ। উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকা হতে এবং জাহাজে কর্মরত অফিসার ও নাবিকদের ছুটি থেকে প্রত্যাবর্তনের পর বাধ্যতামূলকভাবে ১৪ (চৌদ্দ) দিনের হোম/প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করতে হবে। অন্যান্যদের ক্ষেত্রে চলমান ০৭ (সাত) দিনের হোম/প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন বহাল থাকবে।

ঙ। সপরিবারে বসবাসকারীদের ক্ষেত্রে পরিবারের অন্য সদস্যদের নৌ এলাকার বাহিরে জনবহুল এলাকায় গমনাগমন নিরুৎসাহিত করা যেতে পারে।

চ। ১ম ও ২য় ডোজ কোভিড-১৯ টিকা গ্রহণকারীদেরও করোনা আক্রান্ত হবার সমূহ সম্ভাবনা আছে বিধায় তাদেরকেও করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি ও অন্যান্য নির্দেশনাবলী কঠোরভাবে অনুসরণ করতে হবে।

ছ। সকল স্তরের নৌ সদস্য ও তাদের পরিবারের সদস্যদের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকা হতে আত্মীয় স্বজন আগমনকে নিরুৎসাহিত করা এবং উক্ত এলাকার ব্যক্তিবর্গের সংস্পর্শে যাওয়া থেকে নিজেদেরকে বিরত রাখার জন্য প্রেষণা প্রদান করা যেতে পারে। আবশ্যিক ক্ষেত্রে বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

জ। উচ্চ ও মধ্যম ঝুঁকিপূর্ণ এলাকা সমূহ হতে প্রেরিত অফিসিয়াল কিংবা ব্যক্তিগত সকল প্রকার মালামাল/পণ্য সামগ্রী/ডকুমেন্টস প্রভৃতি যথাযথভাবে Disinfected করার পর ব্যবহার করা যেতে পারে।

ঝ। স্বাস্থ্যসংখ্যক জনবল দ্বারা অফিস পরিচালনার প্রয়াস অব্যাহত রাখা যেতে পারে। সেক্ষেত্রে সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালনের জন্য অবিক গুরুত্বারোপ করা যেতে পারে।

সীমিত

সীমিত

৩৯। করোনা ও গ্ল্যাক ফ্লাক্স জাতীয় রোগের ভাইরাস প্রধানতঃ মুখ ও নাকের মধ্য দিয়ে মানুষের দেহে প্রবেশ করে থাকে। বিধায় সঠিকভাবে মাস্ক পরিধানের কোন বিকল্প নেই। ফলে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে নিজেকে এবং নিজের পরিবারকে মুক্ত রাখতে সকলকে সঠিকভাবে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য পুনঃ পুনঃ প্রয়োজনীয় প্রেষণা প্রদান করা যেতে পারে।

২। অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

*Rakim*

এ এইচ এম হাবিবুল রহমান  
সার্জন কমান্ডার বিএন  
পক্ষে ডি এম এস (নেতী)

বিতরণঃ  
বহির্গমনঃ  
কার্যার্থেঃ

-----  
(সকল আঞ্চলিক অধিনায়ক/প্রশাসনিক কর্তৃপক্ষ)

- ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে

অবগতিঃ

ড্রাফটিং অথরিটি

কন্স্ট গার্ড বাহিনী সদর দপ্তর (চিকিৎসা শাখা)

- ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে

অভ্যন্তরীণঃ  
অবগতিঃ

নৌ প্রধানের সচিবালয়

-----  
(সকল পিএসও এর কার্যালয়)

নৌ সচিবালয়

নৌ আইন বিভাগ

-----  
(সকল পরিদপ্তর/শাখা)

সীমিত